

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২২৫

আগরতলা, ২৪ এপ্রিল, ২০২৬

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের অর্থবিষয়ক স্থায়ী কমিটির সভা

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাগৃহে গতকাল জিলা পরিষদের অর্থবিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি বিশ্বজিৎ শীলের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় স্থায়ী কমিটির অন্যান্য সদস্য-সদস্যগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। সভায় ক্ষুদ্র সঞ্চয় দপ্তরের জেলা আধিকারিক জানান, ২০২৫-২৬ অর্থবছরের ৩১ মার্চ পর্যন্ত ক্ষুদ্র সঞ্চয় প্রকল্পে পশ্চিম জেলা থেকে ৭৩২.৩৬ কোটি টাকা সংগৃহীত হয়েছে। এরমধ্যে সদর মহকুমা থেকে ৬৫০.৯৩ কোটি টাকা, জিরানীয়া মহকুমা থেকে ৪৮.২৫ কোটি টাকা এবং মোহনপুর মহকুমা থেকে ৩৩.১৮ কোটি টাকা সংগৃহীত হয়েছে। সমবায় দপ্তরের জেলা প্রতিনিধি সভায় জানান, পশ্চিম জেলায় নতুন ৬৩টি মাল্টিপারপাস প্যাক্স গঠন করা হয়েছে। তাই পুরানো ৩৪টি সমবায় সমিতি সহ বর্তমানে ৯৭টি ল্যাম্পস ও প্যাক্স আছে। জিলা পরিষদ থেকে সভায় জানানো হয়, চলতি অর্থবছরে জিলা পরিষদের পঞ্চদশ অর্থ কমিশনের আন-টাইড ফান্ড থেকে মোহনপুর ব্লকের হরিণাখলা পঞ্চায়েতে একটি যাত্রীশেড এবং টাইড ফান্ড থেকে জিরানীয়া ব্লকের জয়নগর পঞ্চায়েতে ১টি কমিউনিটি টয়লেট নির্মাণ করা হবে। এজন্য ব্যয় হবে ১০ লক্ষ ৩০ হাজার ১৮২ টাকা। সভায় পরিসংখ্যান দপ্তরের জেলা প্রতিনিধিও উপস্থিত ছিলেন।
